

এক নজরে বাহুবল উপজেলা

নামকরণঃ জনশ্রুতি এবং প্রাচীন লোকদের নিকট থেকে প্রাপ্ত তথ্য বিভিন্ন সময়ে প্রকাশিত পত্র-পত্রিকা হতে জানা যায় প্রাচীনকালে কুদরত মাল নামক জনৈক পলোয়ান বাহুবল এলাকায় বাস করতেন। মৌলভীবাজার জেলার দক্ষিণ বাগ থেকে পলোয়ান এসে ছিলেন কুদরত মালের সঙ্গে মলল যুদ্ধ করতো। দু পলোয়ানের মধ্যে দীর্ঘক্ষণ মলল যুদ্ধের পর কুদরত মাল বিজয়ী হয়ে বীর দর্পে বলেছিলেন “বাহুকা বল দেখ বেটা ” এ ঘটনাটি একটি প্রবাদ প্রবচনে প্রকাশ করা হয়েছে। “দক্ষিণ বাগ থেকে আইলো মাল মিরমিরাইয়া চায়, কুদরত মালের ঘুমি খাইয়া গড়াগড়ি বায়”। কিংবদন্তীর মলল যুদ্ধে “দেখ বাহুকাবল” থেকে বাহুবল নাম হয়েছে বলে অনেক মনে করেন।

শত বর্ষের প্রাচীন লোকদের মুখ থেকে শূনা যায় এক কালে অত্র এলাকার লোকজন ছিল খুবই শক্তিশালী ও বীরযোদ্ধা। তখনকার কেউ কোনরূপ ধারালো অস্ত্র ব্যবহার করত না বা ধারালো অস্ত্রের ব্যবহার ছিল না। মারামারিতে ৩/৪ হাত লম্বা বড় একটি বাঁশের টুকরাই লাঠি হিসাবে ব্যবহার হতো। সে বাঁশের লাঠি যার হাত থেকে পরে যেত বা ভেংগে যেত সে হত পরাজিত। তার উপর আর কেউ আঘাত করত না। এছাড়া পাহাড়ের হিংস্র বাঘের সঙ্গে অনেক সময় মানুষের হাতাহাতি যুদ্ধ হত। বাঘের হাত থেকে হরিণ ছিনিয়ে আনতেও লোকজন মোটেও ভয় পেত না। তাই এলাকার নির্ভীক মানুষের সাহসিকতা ও বীরত্বের পরিচয় হিসাবে “ বাহুবল ” নামের উদ্ভব হয়েছে বলেও ধারণা করা হয়।

অবস্থানঃ উত্তরে- নবীগঞ্জ উপজেলা, দক্ষিণে- চুনারঘাট উপজেলা, পূর্বে- মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলা এবং পশ্চিমে হবিগঞ্জ সদর উপজেলা। রাজধানির ঢাকা থেকে ১৮৫ কি মি: এবং হবিগঞ্জ জেলা সদর হতে ২৫ কি.মি.পূর্ব দক্ষনে অবস্থিত। এতে ৭ টি ইউনিয়ন নিয়ে বাহুবল উপজেলার অবস্থান।

উপজেলার আয়তন	:	২৬৫.০৮ বর্গ কিঃমি
মোট ইউনিয়নের সংখ্যা	:	০৭ টি
জনসংখ্যা	:	১,৯৭,৯৯৭
পুরুষ	:	৯৮১০১ জন
মহিলা	:	৯৯৮৯৬ জন
জনসংখ্যা বৃদ্ধির হার	:	১.৬৭%
শিক্ষার হার	:	৫৬%
প্রতিষ্ঠানের সংখ্যা	:	
বিশ্ববিদ্যালয়ের সংখ্যা	:	নাই

কলেজের সংখ্যা (সরকারী / বেসরকারী মাদ্রাসা) : কলেজ ২টি (বেসরকারী-১ সরকারি-১) , মাদ্রাসা ১টি (বেসরকারী)
মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা (সরকারী / বেসরকারী স্কুল/মাদ্রাসা) : মাধ্যমিক স্কুল- ১টি সরকারি এবং ১৬টি (বেসরকারী)
মাদ্রাসা ০৬ টি(বেসরকারী), এবতেদায়ী- ১১টি এবং কওমী ২৯টি
প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা : (সরকারী/বেসরকারী মাদ্রাসা সহ) : ১১৮ টি। তন্মধ্যে ১০৩ টি সরকারী , মাদ্রাসা ১৫ টি।

(১) মোট ইউনিয়ন ভূমি অফিস	:	০৭ টি
(২) উপজেলা নির্বাহী অফিসের ভূমির পরিমাণ	:	তপসিল :- মৌজা-বাহুবল, জেএলনং -৮৩ খ.নং-আরএস ০৪ দাগ নং ৫৭১ এরিয়া ০.১২৩৮ একর।
(৩) মোট মৌজার সংখ্যা	:	১৪৯ টি
(৪) মৌজা ম্যাপের সংখ্যা	:	১৬০ টি
(৫) ২৫ বিঘার নিম্নে হোল্ডিং সংখ্যা	:	১০৪১৫৩ টি
(৬) ২৫ বিঘার উর্ধ্বে হোল্ডিং সংখ্যা	:	৩৯০ টি
(৭) ২০২১-২২ অর্থ বছরের সাধারণ দাবী	:	৬১,৫৭,২২১/-

(৮) ২০২১-২২ অর্থ বছরের সংস্থার দাবী	: ৳ ৮১,৯২,১৫৪/-
(৯) মোট জলমহালের সংখ্যা	: ১০৬ টি। (২০ একরের উর্দ্ধে ৩টি ও নিম্নে ১০৩ টি)
(১০) মোট হাট বাজারের সংখ্যা	: ১৬ টি। (পেরীফেরী ভুক্ত)
(১১) বালুমহাল (সিলিকা)	: ০৮ টি
(১২) খাস জমির পরিমাণ	: ১ম খন্ড ১৭৮৫.৪৭৫০ একর, ২য় খন্ড ১৫৬৭.৩৩৩৫ একর ৩য় খন্ড ২২৪৯.৯২ একর
(১৩) ক তফসিল ভুক্ত অর্পিত সম্পত্তির পরিমাণ	: ৩৭৮.৬৭৫ একর
(১৪) চা-বাগানের সংখ্যা	: ০৫ টি
(১৫) মোট রাবার বাগানের সংখ্যা	: ০২ টি
(১৬) গ্যাস ফিল্ড	: ০১ টি
(১৭) আশ্রয়ণ প্রকল্প	: ১৩ টি
(১৮) গুচ্ছগ্রাম প্রকল্প	: ১ টি

২৩। উজেলা স্বাস্থ্য কমপ্লেক্স	:	০১টি
ইউনিয়ন উপ-স্বাস্থ্যকেন্দ্র	:	০২টি
ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রঃ	:	০৭ টি
কমিউনিটি ক্লিনিক	:	১৯টি
২৪। কৃষি সংক্রান্ত	:	
মোট জমির পরিমাণ	:	২৪১৩.৪২
নীট ফসলী জমি	:	২৩৬৭.৩৮
মোট ফসলী জমি	:	২৩৫৭.২৫
অগভীর নলকূপ	:	১৯১৬
শক্তি চালিত পাম্প	:	না

যোগাযোগ ব্যবস্থাঃ রাজধানী শহরের সাথে যোগাযোগের প্রধান মাধ্যম রেলপথ ও সড়কপথ। অধিকাংশ জনগণ সড়ক পথেই তাদের যোগাযোগের প্রধান মাধ্যম হিসেবে ব্যবহার করে। সড়ক পথে ঢাকা থেকে ঢাকা সিলেট হাইওয়ে ধরে ১৮৫ কি.মি. দূরত্বের বাহবল উপজেলা। উপজেলা পরিষদ কমপ্লেক্স ঢাকা সিলেট হাইওয়ের পূর্ব পার্শ্বে রাস্তার সন্নিকটে অবস্থিত। ট্রেন পথে ঢাকা কমলাপুর রেলস্টেশন হতে বা চট্টগ্রাম হতে রেল পথে শায়েস্তাগঞ্জ রেল স্টেশনে আসতে হবে। সেখান থেকে বাহবল উপজেলা ১২কিঃমিঃ দূরত্বে অবস্থিত।

বাহবল উপজেলা প্রাকৃতিক বৈচিত্রে ভরপুর উপজেলা। এই উপজেলায় একই সাথে পাহাড়ী টিলা সমতল ভূমি এবং হাওড় অঞ্চল নিয়ে গঠিত। এই উপজেলায় ৭টি চা-বাগান উপজেলাকে পর্যটকদের কাছে আকর্ষণীয় করে তুলেছে। তাছাড়া এইখানে নির্মাণাধীন ৫ তারকা বিশিষ্ট **দি প্যালেস** আকর্ষণের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে। নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠি খাসিয়া-কালিগজিয়াদের জীবন যাপন পর্যটকদের আকর্ষণে পরিণত হয়েছে।